# OATH-এ যানবাহন বাজেয়াপ্ত করার ("ক্রিমস্টক") ট্রায়াল

## মৌলিক নিয়ম

অভিযুক্ত অপরাধের অংশ হিসাবে কোনো যানবাহন নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) বাজেয়াপ্ত করা বা নিয়ে নেওয়ার পর, যানবাহনটির নিবন্ধিত মালিক, বা বাজেয়াপ্ত করার সময় যানবাহনটির চালক ব্যক্তি OATH এর কাছে যানবাহন ফেরত চাইতে পারবে। যানবাহনটি ফেরত দেওয়া যাবে কিনা তার শুনানি OATH এর ট্রায়াল বিভাগে (Trials Division) অনুষ্ঠিত হবে এবং এটিকে "ক্রিমস্টক" শুনানি বলা হয়।

**দ্রষ্টব্য:** যানবাহন ফেরত চাওয়া ব্যক্তিকে ***অবশ্যই*** যানবাহনের নিবন্ধিত বা স্বত্বাধিকারী মালিক হতে হবে ***বা*** বাজেয়াপ্ত করার সময় যানবাহনটির চালক হতে হবে। শুধু এদের মধ্যে একজন ব্যক্তিই OATH শুনানির জন্য অনুরোধ করতে পারবে, এবং এক্ষেত্রে মালিককে অগ্রধিকার প্রদান করা হবে।

**দ্রষ্টব্য:** OATH এ "ক্রিমস্টক" শুনানির পর অস্থায়ীভাবে যানবাহন ফেরত দেওয়ার পরেও গাড়িটিকে স্থায়ীভাবে রেখে দেওয়ার জন্য NYPD নিউ ইয়র্ক স্টেট কোর্টে (New York State Court) (OATH থেকে পৃথক ও বিচ্ছিন্ন) যানবাহনের মালিকের বিরুদ্ধে মামলা করতে পারবে। এটিকে বাজেয়াপ্তকৃত বস্তুর প্রক্রিয়া বলা হয়।

## শুনানির অধিকারের নোটিশ

**গ্রেপ্তারের সময়** NYPD-কে **অবশ্যই** গাড়ি ফেরত পাওয়ার জন্য OATH শুনানির অধিকারের নোটিশ চালককে দিতে হবে (নোটিশটি "যানবাহন বাজেয়াপ্ত করার ফর্ম"-এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে)। **এছাড়াও** যানবাহন বাজেয়াপ্ত করার 5টি কর্মদিবসের মধ্যে NYPD-কে **অবশ্যই** নিবন্ধিত বা স্বত্বাধিকারী মালিককে একই নোটিশ দিতে হবে। যদি NYPD দেখাতে না পারে যে তারা ড্রাইভার বা মালিককে এই নোটিশ দিয়েছে, তাহলে এটি প্রতিরক্ষার একটি কারণ হতে পারে এবং গাড়িটি ফেরত পাওয়ার জন্য একটি ভিত্তি হতে পারে।

## শুনানির সময় নির্ধারণ

*শুনানির জন্য একটি অনুরোধ পাওয়ার* 10 কর্মদিবসের মধ্যে NYPD কে **অবশ্যই** একটি OATH শুনানির সময় নির্ধারণ করতে হবে। যানবাহন বাজেয়াপ্ত ফর্মের নিচের অংশ পূরণ করার মাধ্যমে উত্তরদাতা অনুরোধটি করতে পারবে।

দ্রষ্টব্য: গ্রেফতার হওয়া ব্যক্তি, বা যানবাহনের মালিক এছাড়াও ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস থেকে একটি লিখিত বিবৃতি দাবি করতে পারবে যেখানে দেখাতে হবে কেন গাড়িটি আটক রেখে দেওয়া প্রয়োজন। এমন একটি দাবি পাওয়ার 7 দিনের মধ্যে ডিস্ট্রিক্ট অ্যাটর্নিকে অবশ্যই লিখিত বিবৃতি প্রদান করতে হবে, অথবা সেই একই 7 দিনের মধ্যে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্ট থেকে একটি "ধরে রাখার আদেশ" (একটি আদালতের নির্দেশ যা NYP-কে যানবাহন আটক রাখতে দেয়) চাইতে হবে।

## যানবাহন ফেরত দিতে অস্বীকৃতি জানানোর জন্য OATH "ক্রিমস্টক" শুনানিতে NYPD কে যা অবশ্যই প্রমাণ করতে হবে

1) গ্রেফতারের জন্য "সম্ভাব্য কারণ" (যুক্তিসঙ্গত ভিত্তির মতন) বিদ্যমান ছিলো।
2) যানবাহনটি রেখে দেওয়ার মামলায় NYPD জিতবে এটিই অধিক "সম্ভাব্য"।
3) যানবাহনটি রেখে দেওয়া গুরুত্বপূর্ণ, কারণ এটি ফেরত দিলে যানবাহন হারিয়ে যাওয়া, বিক্রি, ধ্বংস করা হতে পারে *বা* জননিরাপত্তার প্রতি ঝুঁকি তৈরি করতে পারে।

**দ্রষ্টব্য:** যানবাহন ফেরত দিতে অস্বীকৃতি জানাতে হলে NYPD কে **অবশ্যই** *OATH "ক্রিমস্টক" শুনানিতে এই 3টি জিনিসের সবগুলি* প্রমাণ করতে হবে।

**দ্রষ্টব্য:** অপরাধ আদালতে অভিযোগের জন্য দোষ স্বীকার করে নেওয়ার ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবেই "সম্ভাব্য কারণ" তৈরি হবে।

## সম্ভাব্য প্রতিরক্ষা

"**নিরপরাধ মালিক**" - একজন *মালিক* যানবাহন ফেরত চাইতে পারবে *যদি* গ্রেফতার এবং বাজেয়াপ্ত করার সময় মালিক গাড়ির চালক না হয়, এবং *যদি* অপরাধমূলক কাজটি করার জন্য মালিক যানবাহনটি ব্যবহার করার অনুমোদন বা অনুমতি প্রদান না করে থাকে।

**দ্রষ্টব্য:** NYPD এটি দেখানোর চেষ্টা করতে পারে যে নিবন্ধিত/স্বত্বাধিকারী মালিক নয়, বরং গ্রেফতার করা চালকই যানবাহনটির প্রকৃত মালিক।

"**নিরপরাধ সহ-মালিক**" - যানবাহনের *সহ-মালিকদেরও* OATH বাজেয়াপ্ত সংক্রান্ত শুনানিতে বক্তব্য রাখার সুযোগ দেওয়া হয় এবং *যদি* সহ-মালিক দেখাতে পারেন যে তিনি গাড়ির চালককে অপরাধ সংঘটনের জন্য গাড়িটি ব্যবহার করার অনুমতি বা অনুমোদন দেননি, তাহলে তিনি গাড়িটি ফেরত দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন।

**দ্রষ্টব্য:** এগুলি শুধুমাত্র দুটি সম্ভাব্য প্রতিরক্ষা। আপনার যদি ভিন্ন প্রতিরক্ষা থাকে অর্থাৎ উপরে উল্লিখিত কোনো আইনি আবশ্যিকতা পূরণ করতে NYPD-এর ব্যর্থতা, তাহলে আপনি আপনার OATH "ক্রিমস্টক" শুনানিতে OATH বিচারকের সাথে এগুলি নিয়ে আলোচনা করতে পারেন।

**OATH সহায়তা কেন্দ্রের কারো সাথে একটি অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য, অনুগ্রহ করে এই অনলাইন যোগাযোগ ফর্ম ব্যবহার করে আমাদেরকে ইমেল করুন, বা আপনার নির্ধারিত OATH উপস্থিতির পূর্বে আমাদেরকে (212) 436-0845 নম্বরে ফোন করুন।**